গ্রাহকদের জন্য সংক্ষিপ্তসার

“আমাদের অংশীদারদের সামাজিকভাবে দায়িত্ব সচেতন এবং পরিবেশগত দিক থেকে ধরে রাখা যাবে এমন পরিষেবা দেওয়ার জন্য আমরা কাজ করছি”।

2003 হল প্রথম সম্পূর্ণ বছর যখন দ্য কোঅপারেটিভ ব্যাঙ্ক এবং CIS কোঅপারেটিভ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস্ (CFS) এর কাঠামোর অধীনে ব্যবসা করেছে।

ব্যবসা পরিচালনার ক্ষেত্রে CFS ’তিনটি প্রাথমিক সীমারেখা’ (ট্রিপল বটম লাইন) এর দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে। এর অর্থ হল গ্রাহক, স্বত্বাধিকারী, কর্মী, সরবরাহকারী, সমিতি এবং সমবায় আন্দোলন ইত্যাদি অংশীদারদের প্রয়োজনগুলি মেটানোর জন্য ব্যবসা চালানো ছাড়াও CFS তার ব্যবসা প্রক্রিয়ায় সামাজিক এবং পরিবেশগত দায়বদ্ধতা স্বীকার করে।

CFS এটিকে ধারণক্ষম অর্থাৎ সাসটেইনেবল্ উন্নতির দৃষ্টিভঙ্গি বলে উল্লেখ করে এবং ধরে রাখার জন্য যে কাজগুলি করা হচ্ছে তাকে সমর্থন কোরে এই সংস্থা একটি প্রতিবেদন তৈরি করে যাতে এর অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত প্রভাবের একটি ’পুঙ্খানুপুঙ্খ’ বর্ণনা আছে। ধারণক্ষমতা প্রতিবেদন 2003 এ বিভিন্ন সূচক এবং লক্ষ্যের নিরীখে CFS এর কার্যকারিতার কথা বিস্তারিতভাবে বলা হয়েছে। এর লক্ষ্য হল সহযোগীদের সামনে একটি পুঙ্খানুপুঙ্খ ছবি পেশ করা যাতে তারা CFS এর কার্যকারিতার মূল্যায়ন করতে পারে। আভ্যন্তরীণভাবে এই প্রতিবেদনটি এবং এটি তৈরি করার জন্য যে গবেষণা করা হয়েছে তা সমগ্র ব্যবসাকে ধরে রাখতে ব্যবহার করা হয়।

CFS এর ধারণক্ষমতার প্রতিবেদন, 2003 এ CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের শক্তিশালী সামাজিক দায়বদ্ধতা এবং অংশীদারি ব্যবসার ঐতিহ্যের কথা বলা হয়েছে যার ফলে 2004 সালে এই সংস্থা যথাক্রমে যুক্তরাজ্যের অর্থাৎ ইউ.কে’র শ্রেষ্ঠ সামাজিক প্রতিবেদন এবং শ্রেষ্ঠ ধারণক্ষমতা প্রতিবেদন হিসাবে পুরস্কৃত হয়েছে। প্রতিবেদনের মধ্যে যে তথ্য এবং মন্তব্য দেওয়া হয়েছে তা CFS এর ধারণক্ষমতা বিষয়ক নিরীক্ষক **জাস্ট**অ্যাসিওরেন্স দ্বারা সঠিক বলে প্রত্যয়িত হয়েছে।

মূল তথ্যগুলিঃ

- CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্ক 2003 এবং তার পরে মোট 86 টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা ধার্য করেছিল। এর মধ্যে 43 টি লক্ষ্য সম্পূর্ণ অর্জন করা সম্ভব হয়েছে, আরও 27 টিতে গ্রহণযোগ্য উন্নতি হয়েছে এবং বাকি 16 টি এখনও সম্পূর্ণ হওয়া বাকি আছে (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/indicators);

- CFS 2004 সাল এবং তার পরের জন্য আরও 60 টি নতুন লক্ষ্যমাত্রা ধার্য করেছে এবং এই সময় CFS আরও 87 টি সূচকের নিরীখে প্রতিবেদন তৈরি করবে -- যার অনেকগুলিই নতুন (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/indicators/indicators);

- CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের গ্রাহকগণ একসারি প্রধান পণ্যের ক্ষেত্রে শিল্পের নির্দেশিকার তুলনায় বেশি সন্তুষ্ট (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/deliveringvalue/personal.htm);

- শিল্পের গড়মানের তুলনায় (3.3% এর তুলনায় 10.4% অগ্রিম বিনিয়োগ) দ্য কোঅপারেটিভ ব্যাঙ্ক ’বঞ্চিত’ এলাকায় ছোট ব্যবসায়ে অনেক বেশি অর্থ বিনিয়োগ করে (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/deliveringvalue/corporate.htm)

- ব্যবসায় প্রতিষ্ঠানগুলিকে যে £422 মিলিয়ন অগ্রিম দেওয়া হয়েছে (ঋণ, ওভারড্রাফট ইত্যাদি) তার 24% অর্থ সমাজ কল্যাণ কর্মসূচিগুলিতে বিনিয়োগ করা হয়েছে (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/deliveringvalue/corporate.htm);

- CFS এর ব্যবহৃত বিদ্যুতের 97% নবীকরণযোগ্য সূত্র থেকে তৈরি করা হয় যার ফলে CFS হল ইউরোপের প্রথম 10 টি সর্বাপেক্ষা বৃহৎ ব্যবসার অন্যতম যারা নবীকরণযোগ্য বিদ্যুৎ কিনে থাকে। এর ফলস্বরূপ কোঅপারেটিভ ব্যাঙ্কে শক্তি-সম্পর্কিত কার্বন ডাইঅক্সাইড নির্গমণ 1997 সাল থেকে 91% কমেছে এবং CIS এ এটি 2002 সাল থেকে 52% কমে গেছে (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/ecological/energy.htm);

- CFS এর সাধারণ বর্জ্য পদার্থের 70% পুনরায় ব্যবহার করা হয় অথবা পুনর্ব্যবহারোপযোগী করা হয় (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/ecological/reduce.htm);

- CFS প্রতিষ্ঠার পরে 2003 সালে দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের কাগজ ব্যবহারের পরিমাণ আরও বেশি সংখ্যক গ্রাহককে চিঠি পাঠাতে হয় বলে 27% বেড়ে গেছে (দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/ecological/paper.htm); এবং

- 2003 সালে 1550 সংখ্যক কর্মী 2365 দিন সমাজসেবী সংস্থাগুলিতে শ্রমদান করেছে -- যে সময়ের অর্থমূল্য হল £308,660 । কর দেওয়ার আগের লভ্যাংশের হিসাবে সামগ্রিক সামাজিক লগ্নীর শতকরা হার আর্থিক পরিষেবাগুলির গড়ের ওপরে আছে এবং এই ক্ষেত্রে CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্ক তিনটি সর্বাপেক্ষা দানশীল সংস্থার মধ্যে দুটি।

প্রভাব এবং পদক্ষেপ CFS এর ক্ষেত্রে এই প্রথম প্রতিবেদনটিতে CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের সরকারি নীতি সংক্রান্ত বিষয়ে প্রভাব সৃষ্টিকারী ক্রিয়াকলাপগুলির বিস্তারিত বর্ণনা করা হয়েছে যার মধ্যে আছে আর্থিক পরিষেবা সম্পর্কিত বিষয়গুলিতে অবস্থান যেমন, বন্যার সম্ভাবনা প্রবল এমন এলাকায় বিমার ব্যবস্থা। যে সব ক্ষেত্রে CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্ক বৃহত্তর সামাজিক এবং পরিবেশগত লক্ষ্যের সন্ধান করেছে যেমন 'বিতর্কিত হিরের' ব্যবসা কমানোর জন্য ব্যবস্থা অথবা 'অপেক্ষাকৃত নিরাপদ রাসায়নিকের' ব্যবহার চালু করা, সেগুলিও এই প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এই অগ্রগতিতে অগ্রণী পরিবেশবিদ জোনাথন পরিটের সমর্থন আছে। তিনি বলেছেনঃ "এই পদক্ষেপটি NGO দের একটি প্রধান দুশ্চিন্তা দূর করবে। এখনও বড় ব্যবসায় প্রতিষ্ঠানগুলি বহুল পরিমাণে আইন প্রণয়নকারীদের প্রভাবিত করার চেষ্টা করে যা কোম্পানিগুলি যে নীতি এবং লক্ষ্য ব্যক্ত করে তার সঙ্গে সংগতিপূর্ণ নয়। অন্য কোম্পানিগুলি এক্ষেত্রে CFS এর পদাঙ্ক অনুসরণ করলে ভাল হবে।" প্রতিবেদনে প্রভাব এবং পদক্ষেপ শীর্ষক অংশ জুড়ে CFS এর সরকারি নীতি সংক্রান্ত বিষয়ে প্রভাব সৃষ্টিকারী ক্রিয়াকলাপগুলির বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

নীতিগত আর্থিক বিনিয়োগ দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের নীতিতে নির্ধারণ করা আছে যে গ্রাহকদের অর্থ কোথায় বিনিয়োগ করা যাবে এবং কোথায় যাবে না। **জাস্ট**অ্যাসিওরেন্স 2003 সালে এই নীতিগত বিষয়গুলি রূপায়ণের নিরীখে ব্যাঙ্কের স্বাস্থ্য সম্পর্কে সবুজ সংকেত দিয়েছে। 2003 সালে ব্যাঙ্কের নীতি নির্ধারক ইউনিটের নির্দেশে £7 মিলিয়ন মূল্যের ব্যবসা ফেরত দেওয়া হয়েছে। এই ফেরত দেওয়া ব্যবসার মধ্যে আছেঃ একটি তেলের কোম্পানি, একটি প্যাকেজিং প্রস্তুতকারক এবং একজন কাঠের ব্যবসায়ী। 2003 সালে সামাজিক দায়িত্বপূর্ণ লগ্নীর ক্ষেত্রে CIS এবং দ্য কোঅপারেটিভ ব্যাঙ্কের ঐতিহাসিক দিক থেকে ভিন্ন দৃষ্টিভঙ্গির মধ্যে যথেষ্ট পরিমাণে সামঞ্জস্যবিধান করার জন্য একটি প্রকল্প তৈরি করা হয়েছে। এই সামঞ্জস্যবিধানের ক্ষেত্রে CIS এর দায়িত্বশীল অংশীদারি নীতি সম্পকে গ্রাহকদের সুস্পষ্ট মতামত প্রতিষ্ঠিত করার দিকে মনোযোগ দেওয়া হবে যেমন ব্যাঙ্কের গ্রাহকরা অধুনা তাদের নৈতিক লগ্নীগুলি কোথায় হতে পারে সে বিষয়ে নির্দেশ দেন। দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/socialresponsibility/ethical.htm

নৈতিক/পরিবেশ দূষণ রোধকারী সামগ্রী এবং পরিষেবা সম্প্রতি CFS অনেকগুলি সামগ্রী এবং পরিষেবা নিয়ে এসেছে যেগুলির সুস্পষ্ট নৈতিক এবং পরিবেশ দূষণরোধী মাত্রা আছে যার অন্তর্ভুক্ত হলঃ

- অ্যাফিনিটি ভিসা ক্রেডিট কার্ড যার সঙ্গে আছেঃ ক্রিশ্চান এইড, ওয়াই কেয়ার ইন্টারন্যাশনাল, দ্য মেডিক্যাল ফাউন্ডেশন ফর দ্য কেয়ার অব ভিকটিমস্ অব টর্চার, লীগ এগেনস্ট ক্রুয়েল স্পোর্টস্ এবং মাদার্স ইউনিয়ন।

- FTSE4 গুড ট্র্যাকার ইউনিট ট্রাস্ট - একটি ইউনিট ট্রাস্ট তহবিল যাতে FTSE4 গুড ইউ.কে. এর সূচকগুলি 'অনুসরণ' করা হয় (যে সব কোম্পানিগুলি তিনটি ক্ষেত্রে নির্দিষ্ট মান পূরণ করবে ঃ পরিবেশগত ধারণক্ষমতা, মানবাধিকার এবং স্বত্বাধিকারীদের সঙ্গে সম্পর্ক)

- **স্মাইল**ইনভেস্ট নৈতিক বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে আরও উন্নতি
- নতুন গ্রীন মর্টগেজ সামগ্রীগুলি যা বাড়িতে ব্যবহার্য সামগ্রী কিনলে বিনামূল্যে বাড়ির প্রয়োজনীয় শক্তির হিসাব এবং কার্বন ডাইঅক্সাইডের প্রভাব রোধকারী বিশেষ ব্যবস্থা তৈরি করে দেয়

দেখুনঃ www.cfs.co.uk/sustainability2003/socialresponsibility/tailored.htm এবং www.cfs.co.uk/Sustainability2003/ecological/tailored.htm

প্রতিক্রিয়া CFS এমনভাবে তার ধারণক্ষমতা বিষয়ক কৃতিত্বে উন্নতি ঘটাতে দায়বদ্ধ যাতে ছয় জন অংশীদারের স্বার্থ এবং সেই সঙ্গে সমাজ এবং পরিবেশের স্বার্থও বজায় থাকবে। ধারণক্ষম উন্নতির বিষয়ে আমাদের দৃষ্টিভঙ্গি সম্পর্কে এবং কী করে এই দৃষ্টিভঙ্গিকে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় সে সম্পর্কে আপনার মতামত জানতে আমরা খুবই আগ্রহী। অনলাইনে আপনার প্রতিক্রিয়া জানাতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে আসুনঃwww.cfs.co.uk/sustainability2003/feedback/ । বিকল্প হিসাবে ই-মেইল করুনঃ sustainability@cfs.co.uk অথবা এই ঠিকানায় লিখুনঃ Sustainable Development Team, Co-operative Financial Services, 1 Balloon Street, Manchester, M60 4EP ।